



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা



লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইলঃ lalmatiagirllscollege@yahoo.com

স্মারক নং- ১১/০৭ - ৩০৭৫৫

তারিখ: ১১/০২/২০২৫

উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজে একাদশ (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) শ্রেণিতে অধ্যয়নরত আগ্রহী শিক্ষার্থীদেরকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে আগামী ২০/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীরা সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উপবৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। বিজ্ঞান শাখার শিক্ষার্থীদেরকে ১২ নং কাউন্টারে এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদেরকে ০২ নং কাউন্টার থেকে উপবৃত্তির ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। এছাড়াও কলেজের ওয়েব সাইট (www.lalmataimohilacollege.edu.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

আবেদন ফরম পূরণের সময় নিম্নলিখিত তথ্যাদি সঠিকভাবে এন্ট্রি দিতে হবে এবং ফরমের সাথে জমা দিতে হবে:

- ১। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ ডিজিটের);
- ২। পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিটের);
- ৩। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিটের);
- ৪। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- ৫। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং 'নগদ' একাউন্ট নম্বর;
- ৬। একই মোবাইল ব্যাংকিং একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
- ৭। পিতাকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে মোবাইল ব্যাংকিং নগদ একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে মোবাইল ব্যাংকিং একাউন্ট নগদ খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে মোবাইল ব্যাংকিং একাউন্ট নগদ খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- ৮। কোন অবস্থায় কাউকে মোবাইল ব্যাংকিং এর পিন নাম্বার দেয়া যাবে না;

১১/২/২০২৫

(প্রফেসর জাহানারা জামান-৯১৭১)

অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

১১.০২.২৫